



অবিলম্বে প্রকাশের জন্য: 12/10/2025

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল পুরো স্টেটের হাসপাতালে ভাষা সহায়তা প্রোগ্রাম আবশ্যিক করে
লেজিস্লেশনে সাইন করলেন

ইংরেজি ছাড়া অন্য ভাষা কথা বলা কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য সমতার
হেলথ কেয়ার নিশ্চিত করলেন

লেজিস্লেশন S6288B/A387B নিউ ইয়র্ক স্টেটের সকল হাসপাতালে পর্যাপ্ত ভাষা
সহায়তা প্রোগ্রামকে আবশ্যিক করে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে লেজিস্লেশনে সাইন করেছেন যা পুরো স্টেটের
জেনারেল হাসপাতালগুলির জন্য একটি ভাষা সহায়তা প্রোগ্রাম (language assistance
program) তৈরি করা আবশ্যিক করে যাতে নিশ্চিত করা যায় যে রোগীদের কাছে সকল হেলথ
কেয়ার সেবার অ্যাক্সেস থাকে। এই লেজিস্লেশনটি মানসম্পন্ন হেলথ কেয়ার এবং রিসোর্সের বাঁধা
দূর করার ক্ষেত্রে জাতীয় নেতা হিসেবে নিউ ইয়র্কের (New York, NY) ভূমিকাকে অগ্রসর করে।

"অ্যাক্সেসিবল হেলথ কেয়ারের অধিকার সকলের প্রাপ্য, যা তাদের প্রয়োজনীয় সেবার অ্যাক্সেস
পাওয়া ঠেকাতে পারে এমন ভাষার বাধামুক্ত হবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই
লেজিস্লেশন সাইন করা নিশ্চিত করবে যাতে সকল নিউ ইয়র্কবাসীকে তাদের প্রাথমিক ভাষা
নির্বিশেষে মর্যাদা ও যত্নের সাথে চিকিৎসা দেওয়া হয়।"

বিলটি প্রত্যেক জেনারেল হাসপাতালের জন্য একটি ভাষা সহায়তা প্রোগ্রাম তৈরি করা আবশ্যিক
করে যা বিশেষ কিছু অংশ যোগ করবে, যেমন:

- একজন ভাষা সহায়তা কোঅর্ডিনেটের নাম ঘোষণা
- নীতিমালা ও পদ্ধতি যা ভাষা সহায়তা সেবার প্রয়োজন আছে এমন রোগীদের সময়মতো
সনাক্ত করা এবং এবং চলমান অ্যাক্সেস দিতে থাকা নিশ্চিত করবে
- হাসপাতালের কর্মীদের জন্য চলমান শিক্ষা ও ট্রেনিং
- যথাযথ সাইনেজ
- মেডিকেল রেকর্ডে ভাষার পছন্দের ডকুমেন্টেশন থাকা
- এমন সেবা প্রয়োজন আছে এমন রোগীদের জন্য দক্ষ অনুবাদক এবং দৃষ্টি এবং/অথবা
শোনার ক্ষেত্রে অক্ষম ব্যক্তিদের সাথে যোগাযোগ করার দক্ষতাসহ অন্যান্য কর্মীদের
ব্যবস্থা

স্টেটের সিনেটর Gustavo Rivera (গুস্তাভো রিভেরা) বলেন, "প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জন্য হাসপাতালে ভাষার অ্যাক্সেস নিশ্চিত করা এমন একটি স্টেটের জন্য অবশ্যই প্রয়োজন যারা চিকিৎসার অ্যাক্সেসকে সার্বজনীন করতে চায়। সিনেটর Liu (লিউ) এবং অ্যাসেম্বলির সদস্য Rozic-এর (রোজিক) এই মূল্যবান লেজিস্লেশন সাইন করার জন্য গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ।"

স্টেটের সিনেটর John Liu (জন লিউ) বলেন, "হাসপাতালে আসা প্রত্যেক রোগীর তাদের ডাক্তারের সাথে স্পষ্টভাবে এবং আত্মবিশ্বাসের সাথে কথা বলতে পারার ক্ষমতা থাকা উচিত, বিশেষ করে জরুরি অবস্থায় যখন সময় খুবই মূল্যবান। দুর্ভাগ্যজনকভাবে, অনেক বেশি কমবয়সী শিশুকে এখনো তাদের ইমিগ্র্যান্ট মা-বাবার জন্য জটিল হেলথ কেয়ারের তথ্য অনুবাদ করে দিতে হয় যেহেতু স্টেটের হাসপাতালগুলিতে ভাষার সমর্থন অপরিাপ্ত। এই বিলটি নিশ্চিত করবে যাতে ভাষায় সেবা দেওয়া পরের চিন্তা না হয়, বরং নিউ ইয়র্কের সকল হাসপাতালের জন্য আবশ্যিকতা হয় যাতে করে সকল নিউ ইয়র্কবাসী আত্মবিশ্বাসী হতে পারেন যে তাদের হেলথকেয়ার যোগ্য মানুষের হাতে আছে।"

অ্যাসেম্বলির সদস্য Amy Paulin (এমি পলিন) বলেন, "অ্যাসেম্বলির সদস্য Rozic (রোজিক) এবং সিনেটর Liu (লিউ) আমাদের হেলথকেয়ার সিস্টেম ব্যবহার করতে প্রায়ই কষ্ট হয় এমন রোগীদের পক্ষে কাজ করেন, এবং এই লেজিস্লেশনটি মানসম্পন্ন চিকিৎসার প্রতি তার দৃঢ় প্রতিশ্রুতিকে তুলে ধরে। এটি অনেক দিন ধরে থাকা একটি ঘটতি পূরণ করে নিশ্চিত করতে সাহায্য করবে যাতে আমাদের হাসপাতালগুলি তারা যে কমিউনিটিতে সেবা দিচ্ছে তাদের প্রয়োজন আরো ভালোভাবে পূরণ করতে পারে, এবং এটিকে আইন হিসেবে সাইন করার জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রতি কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলির সদস্য Nily Rozic (নিলি রোজিক) বলেন, "হেলথকেয়ার ব্যবহার করা কারণ ইংরেজির দক্ষতার উপর নির্ভর করা উচিত না, এটি রোগী হিসেবে প্রয়োজনের উপর নির্ভর করা উচিত। আমি এই সমস্যার জরুরি গুরুত্ব বুঝতে পারার জন্য গভর্নর Hochul-এর (হোকল) প্রতি এবং এটিকে করার জন্য সিনেটর John Liu-এর (জন লিউ) অবিচল পার্টনারশিপের জন্য কৃতজ্ঞ। একসাথে আমরা আমাদের হাসপাতালগুলিকে তারা যে কমিউনিটি সেবা দিচ্ছে তার সাথে আরো মানানসই করছি।"

অ্যাসেম্বলির সদস্য Michaelle Solages (মিশেল সোলাজেস) বলেন, "প্রত্যেক নিউ ইয়র্কবাসীর মানসম্পন্ন চিকিৎসা সেবা পাওয়ার অধিকার আছে, এবং কারো প্রয়োজনীয় সাহায্য পাওয়ার ক্ষেত্রে ভাষার বাঁধা হওয়া উচিত না। এই আইনটি আমাদেরকে এমন একটি ব্যবস্থার আরো কাছে নিয়ে যাচ্ছে যা সমতার, অ্যাক্সেসিবল, এবং সাংস্কৃতিকভাবে দক্ষ হবে। ভাষার রিসোর্স বাড়ানোর মাধ্যমে আমরা নিশ্চিত করছি যাতে রোগীরা ভুল বোঝাবুঝির ভয় ছাড়া তাদের সেবাদানকারীদের সাথে স্পষ্টভাবে যোগাযোগ করতে পারেন। আমি এই অতি প্রয়োজনীয় লেজিস্লেশন অগ্রসর করার জন্য গভর্নর Hochul (হোকল), অ্যাসেম্বলিউম্যান Rozic (রোজিক), এবং সিনেটর Liu-কে (লিউ) ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলির সদস্য Karines Reyes (কারিনেস রেয়েস), R.N. বলেন, "নিউ ইয়র্কে ইংরেজি ভাষা বলেন না, শুনতে পারেন না, এমন বড় একটি জনসংখ্যা বাস করেন, যারা মানসম্পন্ন

সেবার জন্য জেনারেল হাসপাতালের উপর নির্ভর করেন। বেশ বড় এই জনসংখ্যাকে সেবা দেওয়ার ক্ষেত্রে ভাষার বাঁধা অনেক বড় একটি সমস্যা, এবং গভর্নর Hochul-এর (হোকল) অতি গুরুত্বপূর্ণ এই লেজিস্লেশন সাইন করা সেই বাঁধাগুলি দূর করার ক্ষেত্রে বড় অগ্রগতি করবে। মেডিকেল ফ্যাসিলিটিগুলি কীভাবে ভাষার সহায়তা প্রয়োজন এমন সকল রোগীর জন্য যথাযথ ব্যবস্থা সম্ভব করার প্রটোকল ও প্রোগ্রাম তৈরি করার মাধ্যমে সৃজনশীলভাবে হেলথ কেয়ারের অ্যাক্সেস বাড়ায় তা দেখতে আমি আগ্রহী।"

অ্যাসেম্বলির সদস্য Jessica González-Rojas (জেসিকা গঞ্জালেস-রোহাস) বলেন, "আজকে A387B সাইন করা হলো নিউ ইয়র্কবাসীদের জন্য একটি বড় বিজয়, যাদের হাসপাতালের সেবা নিতে যাওয়ার সময় স্পষ্ট, অ্যাক্সেসিবল যোগাযোগ প্রাপ্য। এই আইনটি হাসপাতালের জন্য অতি প্রয়োজনীয় ভাষা সহায়তা সেবা দেওয়া আবশ্যিক করে, যার মধ্যে অনুবাদ করা ফর্ম এবং অনুবাদকের অ্যাক্সেস থাকে, যাতে করে রোগীরা তাদের চিকিৎসা, বিলিং, এবং ফলোআপ সেবা সম্পর্কে বুঝতে পারেন। সাংস্কৃতিক এবং ভাষার দিক দিয়ে স্টেটের সবথেকে ডাইভার্স কমিউনিটিগুলির একটির রিপ্রেজেন্টেটিভ হিসেবে আমি জানি আমার মতো পরিবারের জন্য এই বিলটি কতটা রূপান্তরমূলক হতে পারে, এমন কী জীবন রক্ষা করতে পারে। আমি অতি গুরুত্বপূর্ণ এই বিল সাইন করার জন্য গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাতে চাই এবং এটির পক্ষে কাজ করার ব্যাপারে তাদের নেতৃত্বের জন্য অ্যাসেম্বলির সদস্য Nily Rozic (নিলি রোজিক) এবং সিনেটর John Liu-কে (জন লিউ) অভিনন্দন জানাতে চাই। A387 এখন আইন, এর মাধ্যমে আমরা তাই আমাদের হেলথকেয়ার সিস্টেমকে আরো সমতার এবং আমাদের সকল কমিউনিটির চাহিদার আরো ভালো সাড়া দান করার উপযুক্ত করছি।"

অ্যাসেম্বলিউম্যান Jenifer Rajkumar (জেনিফার রাজকুমার) বলেন, "ভাষার দিক দিয়ে বিশ্বের সবথেকে ডাইভার্স কমিউনিটি, কুইন্সের (Queens) একজন রিপ্রেজেন্টেটিভ হিসেবে আমি এই লেজিস্লেশনের কোস্পন্সর হতে পেরে গর্বিত যা সকল নিউ ইয়র্কবাসীর জন্য ভাষার অ্যাক্সেসের নিশ্চয়তা দিবে। সঙ্কটের সময়, বিশেষ করে ইমার্জেন্সি রুমে, সময়মতো চিকিৎসা পাওয়া জীবন ও মৃত্যুর মধ্যে পার্থক্য হতে পারে। ভাষার বাঁধার কারণে সেবা পাওয়া থেকে বিরত থাকতে হওয়া উচিত না। এই বিলটি এখন আইন হয়েছে, তাই আমরা একটি সহজ কিন্তু গুরুত্বপূর্ণ সত্যকে প্রতিষ্ঠা করছি: প্রত্যেক নিউ ইয়র্কবাসী, তারা অন্য একই ভাষা বলুক বা সাইন ল্যাঙ্গুয়েজের মাধ্যমে মনোভাব প্রকাশ করুক, তাদের পুরো অধিকার আছে যাতে হেলথকেয়ার নেওয়ার সময় তাদের দেখা হয়,, শোনা হয়, এবং সম্পূর্ণ সমর্থন করা হয়।"

অ্যাসেম্বলির সদস্য Grace Lee (গ্রেস লী) বলেন, "ভাষার বাঁধা প্রায়ই ইমিগ্র্যান্ট নিউ ইয়র্কবাসীদেরকে তাদের নিজেদের মেডিকেল সেবা সম্পর্কে বুঝতে দেয় না। এই বিলটি নিশ্চিত করবে যাতে প্রত্যেক রোগী, তারা যে ভাষাতেই কথা বলুক না কেনো, তাদের যাতে নিজেদের পক্ষে কথা বলার এবং হেলথকেয়ার সিস্টেম আরো ভালোভাবে ব্যবহার করার সুযোগ থাকে। গুরুত্বপূর্ণ এই লেজিস্লেশনে নেতৃত্ব দেওয়ার জন্য অ্যাসেম্বলির সদস্য Nily Rozic (নিলি রোজিক) এবং সিনেটর John Liu-কে (জন লিউ) এবং এটিকে আইন হিসেবে সাইন করার জন্য গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ "

অ্যাসেম্বলির সদস্য Steven Raga (স্টিভেন রাগা) বলেন, "তারা অন্য একটি ভাষায় কথা বলেন শুধু এই কারণে কারো স্বাস্থ্য ঝুঁকিগ্রস্ত হওয়া উচিত না। বিশ্বের সবথেকে ডাইভার্স

এলাকাগুলির একটির অবস্থান হিসেবে, কুইন্স এই বাঁধাগুলি বিশেষভাবে অনুভব করা হয়। A387 পাশ করা হলো অনুবাদের সেবা থাকা নিশ্চিত করার মাধ্যমে প্রত্যেক নিউ ইয়র্কবাসীর কাছে যাতে তাদের প্রাপ্য মানসম্পন্ন হেলথ কেয়ারের অ্যাক্সেস থাকে তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় একটি পদক্ষেপ।"

Coalition for Asian American Children + Families (CACF)-এর কো এক্সিকিউটিভ ডিরেক্টর Anita Gundanna (আনিতা গুন্ডানা) এবং Vanessa Leung (ভেনেসা লিউয়াং) বলেন, "ভাষার অ্যাক্সেস হলো স্বাস্থ্যের সমতা। এখন নিউ ইয়র্ক স্টেটে তিন ভাগের এক ভাগ এশিয়ান আমেরিকান (Asian American) নিউ ইয়র্কবাসীর ইংরেজিতে অল্প দক্ষতা (limited English proficient, LEP) আছে এবং এই ভাষার বাঁধা পরিবারগুলিকে হেলথকেয়ার সিস্টেম ব্যবহার করার সময় অনেক বেশি প্রভাবিত করে। হাসপাতাল ভাষার অ্যাক্সেসের বিল S6288B/A387B-কে আইন হিসেবে সাইন করার জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি। সকল রোগী, তারা যে ভাষায় কথা বলুন না কেনো, তারা যাতে নিউ ইয়র্ক স্টেটের হাসপাতালে তাদের প্রয়োজনীয় হেলথকেয়ার সেবার সম্পূর্ণ অ্যাক্সেস পেতে পারেন তা নিশ্চিত করার জন্য এটি অতি গুরুত্বপূর্ণ একটি অগ্রগামী ধাপ। সাংস্কৃতিকভাবে সাড়া দান করেন এমন ভাষার সহায়তার কোঅর্ডিনেটের অ্যাক্সেস থাকা চিকিৎসা সেবা নিতে চাওয়া আমাদের কমিউনিটির সদস্যদের জন্য রূপান্তরমূলক হবে। CACF এবং আমাদের কোয়ালিশন এই বিলটি আইন করার ক্ষেত্রে নেতৃত্ব দেওয়ার জন্য বিলের স্পন্সর অ্যাসেসম্বলিউম্যান Nily Rozic (নিলি রোজিক) এবং সিনেটর John Liu-এর (জন লিউ) প্রতি কৃতজ্ঞ। আমাদের কোয়ালিশন তাদের সাথে এই লেজিস্লেশনের পক্ষে কথা বলতে পেরে গর্বিত এবং পুরো স্টেটে ভাষার অ্যাক্সেস সেবা যাতে জোরদার হয় তা নিশ্চিত করতে কাজ চালিয়ে যাবে।"

Chinese-American Planning Council-এর প্রেসিডেন্ট এবং CEO Wayne Ho (ওয়েইন হো) বলেন, "S6288B/A387B-কে আইন হিসেবে সাইন করার জন্য এবং নিউ ইয়র্কের হাসপাতালগুলিতে ভাষার অ্যাক্সেস বাড়ানোর জন্য আমরা গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি। আমরা যেসব কমিউনিটিতে সেবাদান করি সেখানকার সদস্যদের থেকে আমরা প্রতিদিনই শুনি যে তারা হাসপাতাল এবং হেলথ অ্যাপয়েন্টমেন্টের মতো অতি গুরুত্বপূর্ণ সেবার অ্যাক্সেস পেতে হিমশিম খাচ্ছেন। আমাদের ইংরেজিতে অল্প দক্ষ এবং এশিয়ান আমেরিকান কমিউনিটিগুলির মর্যাদা, সেবা, এবং তাদের মেডিকেল চাহিদা বলতে পারার এবং তারা যে ভাষায় কথা বলেন সে ভাষায় তাদের চিকিৎসা বুঝে নেওয়া ক্ষমতা প্রাপ্য, বিশেষ করে যথাসময়ে। আইনটি সেবায় এইসব ঘাটতি পূরণ করার জন্য অর্থপূর্ণ পদক্ষেপ নিচ্ছে এবং নিশ্চিত করছে যাতে সবথেকে দুর্বল নিউ ইয়র্কবাসীরা চিকিৎসার ক্ষেত্রে সমতা পেতে পারেন। আমাদের ইমিগ্র্যান্ট কমিউনিটির উন্নয়নের জন্য অ্যাসেসম্বলিউম্যান Rozic (রোজিক) এবং সিনেটর John Liu-এর (জন লিউ) প্রতি আমরা অনেক কৃতজ্ঞ।"

AAF-এর প্রোগ্রামের অ্যাসোসিয়েট ডিরেক্টর Daphne Thammasila (ড্যাফনে থামাশিলা) বলেন, "Asian American Federation-এ আমরা প্রতিদিন দেখি যে এশিয়ান নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য এবং সুস্থতার জন্য ভাষার অ্যাক্সেস কতটা গুরুত্বপূর্ণ। প্রায় অর্ধেক এশিয়ান নিউ ইয়র্কবাসীরা, এবং আমাদের বয়স্কদের 70%-এর বেশি ভাষার অ্যাক্সেসের ঘাটতির কারণে চিকিৎসায় অনেক বড় বাঁধার মুখোমুখি হন। শুধু অনুবাদক না থাকার মতো কারণে কাউকে মেডিকেল সাহায্য পেতে কষ্ট করতে হওয়া উচিত না। সেজন্য AAF নতুন ধরণের সমাধান

অগ্রসর করছে, যার মধ্যে একটি একদম নতুন ধরণের এশিয়ান ভাষার অনুবাদ কর্মীর কোঅপারেটিভ আছে যা পুরো সিটিতে মানসম্পন্ন সেবা বাড়াবে। এই বিলটির পক্ষে কাজ করার জন্য আমরা অ্যাসেম্বলিউম্যান Rozic (রোজিক) এবং স্টেটের সিনেটর Liu-কে (লিউ) ধন্যবাদ জানাচ্ছি এবং এটিকে সাইন করার জন্য গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি। মানসম্পন্ন হেলথকেয়ার সকল নিউ ইয়র্কবাসীর প্রাপ্য, তারা যে ভাষাতেই কথা বলুক না কেনো।"

Asian Americans for Equality (AAFE)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Thomas Yu (থমাস ইউ) বলেন, "গুরুত্বপূর্ণ এই বিলকে আইন হিসেবে সাইন করার জন্য আমরা গভর্নর Hochul-কে (হোকল) এবং বহু মিলিয়ন নিউ ইয়র্কবাসীর চিকিৎসা সেবা উন্নত করার এই লেজিস্লেশনের পক্ষে কাজ করার জন্য অ্যাসেম্বলিউম্যান Rozic (রোজিক) এবং সিনেটর Liu-কে (লিউ) ধন্যবাদ জানাচ্ছি। AAFE-তে আমরা প্রতিদিন ইংরেজিতে অল্প দক্ষ কমিউনিটির সদস্যদের অতি প্রয়োজনীয় হেলথকেয়ার সেবা পেতে সাহায্য করি। তাই আমরা জানি রোগীদের জন্য ডাক্তার এবং অন্যান্য হেলথকেয়ার প্রফেশনালদের সাথে যোগাযোগ করা কতটা কঠিন হতে পারে। নতুন এই আইনটি নিশ্চিত করতে সাহায্য করবে যাতে সকলের কাছে তাদের প্রাপ্য মানসম্পন্ন মেডিকেলল কেয়ারের অ্যাক্সেস থাকে।"

CAIPA-এর প্রেসিডেন্ট এবং CEO Dr. George Liu (ডাঃ জর্জ লিউ), MD. Ph.D বলেন, "কমিউনিটির 1,400 জনের বেশি চিকিৎসককে রিপ্রেজেন্ট করা এবং 500,000-এর বেশি এশিয়ান নিউ ইয়র্কবাসীকে সেবা মানের হেলথকেয়ার দেওয়া একটি অর্গানাইজেশন হিসেবে CAIPA দৃঢ়ভাবে সকল হাসপাতালে সার্বিক ভাষার অ্যাক্সেসকে সমর্থন করে। রোগীরা যাতে তাদের পছন্দের ভাষায় কথা বলতে পারে তা নিশ্চিত করা নিরাপত্তা, সমতা, এবং মানসম্পন্ন সেবার জন্য অতি প্রয়োজনীয়। কোনো রোগীর এমন বাঁধার মুখোমুখি হতে হওয়া উচিত না যা তাদেরকে তাদের স্বাস্থ্য ও চিকিৎসা বুঝতে দেয় না।"

MinKwon Center for Community Action-এর অন্তর্বর্তীকালীন এক্সিকিউটিভ ডিরেক্টর Yoon Ji Kim (ইয়ুন জি কিম) বলেন, "এটি নিউ ইয়র্কের জন্য স্বাস্থ্য সমতার ক্ষেত্রে ঐতিহাসিক একটি জয়। 41 বছর ধরে Minkwon Center for Community Action কোরিয়ান (Korean), চাইনিজ (Chinese), এবং এশিয়ান আমেরিকান এবং প্যাসিফিক আইল্যান্ডার (Asian American and Pacific Islander, AAPI) ইমিগ্র্যান্টদেরকে কেয়ার এবং অতি প্রয়োজনীয় রিসোর্সের অ্যাক্সেস পেতে সাহায্য করেছে, কিন্তু আমরা সবসময় জেনে এসেছি যে শুধু আমাদের চেপ্টা একটি পদ্ধতিগত সফটকে ঠিক করতে পারবে না। আমরা প্রতিদিন ভাষার বাঁধার কারণে এশিয়ান নিউ ইয়র্কবাসীকে হাসপাতাল ব্যবহার করতে কষ্ট করতে দেখি। আমাদের স্বাস্থ্য জরিপ নিশ্চিত করে যে এটি হেলথকেয়ারের জন্য শীর্ষ তিনটি বাঁধার একটি, এবং এই বছর আমরা ইনস্যুরেন্সে যাদের নাম লিখিয়েছি তাদের 87% তাদের মাতৃভাষা হিসেবে ইংরেজি বলেন না। এটি মৌলিক মানবাধিকার দিতে অস্বীকৃতি জানানো এবং যার পরিণতি প্রাণঘাতী হতে পারে। A387B/S6288B-এর মাধ্যমে স্টেট অবশেষে একটি সত্যিকারের সমাধান দিয়েছে, যা নিশ্চিত করবে যে হাসপাতালগুলি দক্ষ অনুবাদ এবং অর্থপূর্ণ অ্যাক্সেস দিচ্ছে। এক দশকের অ্যাডভোকেসির জন্য আমরা অ্যাসেম্বলির সদস্য Rozic (রোজিক) এবং সিনেটর Liu-এর (লিউ) প্রতি এবং সকল ইমিগ্র্যান্ট নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য সুরক্ষা করতে এই বিলটি সাইন করার জন্য গভর্নর Hochul-এর (হোকল) প্রতি অনেক কৃতজ্ঞ।"

Women for Afghan Women (WAW)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Dr. Susan Aryan Antolin (ডাঃ সুসান আরিয়ান অ্যানটোলিন) বলেন, "ভাষা সেবা এবং অবহেলার মধ্যের পার্থক্য হতে পারে। Women for Afghan Women-এ আমরা এমন পরিবারের সাথে কাজ করি যারা তাদের ভাষায় অনুবাদ না পাওয়ার কারণে মৌলিক মেডিকেল তথ্যের অ্যাক্সেস পেতে হিমশিম খান। পুরো সিটির ইমিগ্র্যান্ট এবং রিফিউজি নিউ ইয়র্কবাসীদেরও একই অভিজ্ঞতা হয়। এই বিলটি অতি প্রয়োজনীয় কারণ হাসপাতালে সত্যিকারের ভাষার অ্যাক্সেস ঐচ্ছিক না, এটি জীবন রক্ষা করে।"

American Pakistani Advocacy Group-এর প্রেসিডেন্ট Ali Rashid (আলী রাশিদ) বলেন, "A387B/S6288B-কে আইন হিসেবে সাইন করার জন্য আমরা গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকল) প্রশংসা করছি, এটি একটি ল্যান্ডমার্ক পদক্ষেপ যা নিশ্চিত করবে যে নিউ ইয়র্কে মানসম্পন্ন হেলথকেয়ারের জন্য ভাষা আর বাঁধা না হয়। অনেক বেশি পাকিস্তানি (Pakistani), সাউথ এশিয়ান (South Asian), এবং ইমিগ্র্যান্ট পরিবারের জন্য এই লেজিস্লেশনের অর্থ হবে আরো নিরাপদ চিকিৎসা, আরো স্পষ্ট যোগাযোগ, এবং প্রত্যেক রোগীর প্রাপ্য মর্যাদা। অতি গুরুত্বপূর্ণ এই বিলের পক্ষে কাজ করার জন্য এবং আমাদের হাসপাতাল সিস্টেমে সমতা আনতে তাদের প্রতিশ্রুতির জন্য আমরা অ্যাসেম্বলিউম্যান Nily Rozic (নিলি রোজিক) এবং সিনেটর John Liu-এর (জন লিউ) প্রতি অনেক কৃতজ্ঞ। এই সাইন করা হলো প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জন্য একটি শক্তিশালী বার্তা, তারা যে ভাষাতেই কথা বলুক না কেনো, তাদের অধিকার আছে যাতে তাদের কথা শোনা হয়, বুঝা হয়, এবং তাদের সেবা দেওয়া হয়।"

Korean American Family Services Center-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Jeehae Fischer (জিহি ফিশার) বলেন, "Korean American Family Service Center-এ আমরা প্রতিদিন দেখি কীভাবে ভাষার বাঁধা ইমিগ্র্যান্ট সার্ভাইভার এবং তাদের পরিবারের জন্য ভয় ও বিচ্ছিন্নতা আরো অনেক বাড়িয়ে দেয়। আমরা একজন সার্ভাইভারের সাথে কাজ করেছি যার স্বামী তাকে ছুরি দিয়ে আহত করার পর তিনি হাসপাতালে যান, কিন্তু সেখানে কোনো অনুবাদক ছিলেন না, তার ছোট শিশুকে বাধ্য হয় তার মায়ের সাথে কী হয়েছে এবং তার বাবার সহিংসতার ব্যাপারে মেডিকেল কর্মীদের অনুবাদ করতে হয়েছে। কোনো শিশুর সেই চাপ বহন করতে হওয়া উচিত না, এবং কোনো সার্ভাইভারকে নিরাপত্তা এবং নিরাময়ের জন্য তারা বলতে পারেন না এমন একটি ভাষায় লড়াই করতে হওয়া উচিত না। এই বিলকে আইন হিসেবে সাইন করার মাধ্যমে নিউ ইয়র্ক হেলথকেয়ারের সত্যিকারের সমতার দিকে একটি অতি গুরুত্বপূর্ণ অগ্রগামী ধাপ নিয়েছে, কারণ এতে নিশ্চিত হয়েছে যাতে সকল নিউ ইয়র্কবাসী, বিশেষ করে লিঙ্গভিত্তিক সহিংসতার সার্ভাইভারদের কাছে মর্যাদা, স্পষ্টতা, এবং সহানুভূতি দিয়ে দেওয়া সাংস্কৃতিকভাবে এবং ভাষাগতভাবে সাড়া দান করে এমন সেবা পাওয়ার অ্যাক্সেস থাকে। আমাদের পুরো স্টেটে ইমিগ্র্যান্ট সার্ভাইভার এবং পরিবারের জন্য এই সুরক্ষাকে বাস্তব করতে তাদের অবিচল নেতৃত্বের জন্য আমরা গভর্নর Hochul (হোকল) এবং লেজিস্লেটিভ চ্যাম্পিয়ন সিনেটর John Liu (জন লিউ), অ্যাসেম্বলির সদস্য Nily Rozic-এর (নিলি রোজিক) প্রতি অনেক কৃতজ্ঞ।"

South Asian Council for Social Services (SACSS)-এর হেলথ সার্ভিসের ডিরেক্টর Rehan Mehmood (রেহান মেহমুদ) বলেন, "South Asian Council for Social Services হাসপাতালে ভাষা অ্যাক্সেসের বিলকে আইন হিসেবে সাইন করার জন্য মাননীয় গভর্নর Kathy Hochul-কে (হোকল) অনেক ধন্যবাদ জানাচ্ছে, যা প্রত্যেক নিউ ইয়র্কবাসীর মর্যাদা ও

সহানুভূতির সাথে সেবা পাওয়া নিশ্চিত করার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ।। আমরা সিনেটর John Liu (জন লিউ) এবং অ্যাসেম্বলির সদস্য Nily Rozic-এর (নিলি রোজিক) প্রতিও কৃতজ্ঞ তাদের নেতৃত্বের জন্য এবং এই লেজিস্লেশনকে বাস্তব করতে লেজিস্লেটর এবং কমিউনিটিভিত্তিক অর্গানাইজেশনগুলির সাথে কাছে থেকে কাজ করার জন্য। আমাদের কমিউনিটির জন্য হাসপাতালে ভাষার অ্যাক্সেস আমাদের হেলথকেয়ার সিস্টেমকে জোরদার করবে।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের (New York City Council) সদস্য Sandra Ung (স্যান্ড্রা উং) বলেন, "আজকের সাইন করা হলো ইমিগ্রেন্ট এবং ইংরেজিতে অল্প দক্ষ নিউ ইয়র্কবাসীর জন্য বড় একটি মাইলফলক। ফ্লাশিংয়ের মতো ভাষার দিক দিয়ে এতো ডাইভার্স একটি কমিউনিটিতে অনেক রোগী ডায়াগনোসিস, চিকিৎসা, বা ডিসচার্জের নির্দেশনা বুঝতে হিমশিম খান শুধু এই কারণে যে তাদের কাছে অনুবাদের কোনো অ্যাক্সেস থাকে না। এই বিলটি সাইন করার জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাতে চাই, যা নিশ্চিত করবে যে প্রত্যেক রোগীর কাছে সঠিক তথ্য থাকবে এবং তারা নিরাপদে এবং আত্মবিশ্বাসের সাথে হেলথকেয়ার সিস্টেমের ব্যবহার করতে পারবেন, তা তারা যে ভাষাতেই কথা বলুক না কেনো।" অ্যাসেম্বলিউম্যান Rozic (রোজিক) এবং স্টেটের সিনেটর Liu-এর (লিউ) কাজ ও নেতৃত্বের কারণে আমাদের হেলথকেয়ার সিস্টেম এখন সকল নিউ ইয়র্কবাসীর প্রয়োজনের ক্ষেত্রে আরো সমতার সাথে সাড়াদান করতে পারবে।

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য Linda Lee (লিন্ডা লী) বলেন, "আমি গভর্নর Hochul-এর (হোকল) এবং আমাদের হেলথকেয়ার সিস্টেমকে ভাষাগতভাবে আরো অ্যাক্সেসিবল করতে আমাদের স্টেট পর্যায়ের পার্টনারদের নেতৃত্বের জন্য তাদের প্রশংসা করছি। সেবা যাতে নিউ ইয়র্ক সিটির ডাইভার্স কমিউনিটির জন্য অ্যাক্সেসিবল হয় তা নিশ্চিত করা আমাদের নৈতিক দায়িত্ব, এবং গুরুত্বপূর্ণ এই লেজিস্লেশনটি পরিবারগুলিকে তাদের প্রাপ্য মানসম্পন্ন সেবা পেতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য Alexa Avilés (অ্যালেক্সা অ্যাভিলেস) বলেন, "NY-কে অবশ্যই ভাষার অ্যাক্সেস বাড়াতে থাকতে হবে যাতে নিউ ইয়র্কবাসীকে সরকারি সেবা ও চিকিৎসার অ্যাক্সেস পেতে সাহায্য করা যায়। এটি একটি দারুন উদ্যোগ যা আমাদের জনস্বাস্থ্যকে উন্নত করবে।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য Mercedes Narcisse (মার্সিডিস নার্সিসে) বলেন, "সিটি কাউন্সিলের কমিটি অন হসপিটালসের (Committee on Hospitals) চেয়ার হিসেবে এবং প্রায় কোনো ইংরেজি বলতে না পারা একজন ইমিগ্র্যান্ট হিসেবে এই দেশে আসা একজন হিসেবে আমি খুব ভালো করেই জানি যথাযথভাবে কথা বলতে না পারলে জটিল একটি হেলথকেয়ার সিস্টেম ব্যবহার করা কতটা ভয়ের হতে পারে। চিকিৎসা সেবা নেওয়ার সময় কারো বিভ্রান্ত, ভীত, বা অসহায় বোধ করা উচিত না। গভর্নর Hochul-এর (হোকল) আজকের পদক্ষেপ আমাদের হেলথকেয়ার সিস্টেমে সমতার ক্ষেত্রে বড় একটি ধাপ। হাসপাতালগুলির জন্য একটি সার্বিক ভাষা সহায়তা প্রোগ্রাম স্থাপন করা আবশ্যিক করা হলে তা রোগীদের নিরাপত্তা উন্নত করতে, অসমতা কমাতে, এবং প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে যাতে যখন সবথেকে বেশি প্রয়োজন তখন মর্যাদার সাথে সেবা দেওয়া হয় তা নিশ্চিত করতে অনেক সাহায্য করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)